BGMEA

সার্কুলার নং বিজিএমইএ/কাস/২০২৬/২৪৭ তারিখ:১৫সেপ্টেম্বর, ২০২৬

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়: জরিমানাসহ আগামী ৩০ সেপ্টেম্বর ২০২৬ তারিখের মধ্যে ইপিবি (EPB) নিবন্ধন নবায়নকরণ প্রসঙ্গে।**

**সূত্রঃ** রপ্তানি উন্নয়ন ব্যুরোর বিজ্ঞপ্তি নং-২৬.০২.০০০০.০৫২.৪৭.৩২৯.১৯-২৭৪০ তারিখ: ১৪/১০/২০২৬

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, রপ্তানি উন্নয়ন ব্যুরোর নির্দেশনা অনুযায়ী নিবন্ধিত তৈরি পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক প্রতিষ্ঠানের ২০২৬-২০২৭ অর্থবছর হতে পরবর্তী ০১-০৫ বছর মেয়াদী ইপিবি নিবন্ধন নবায়নের সময়সীমা আগামী ৩০ সেপ্টেম্বর ২০২৬ তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়েছে।

যে সকল প্রতিষ্ঠান পূর্বনির্ধারিত ৩১ আগস্ট ২০২৬ তারিখের মধ্যে নবায়নের আবেদন করতে পারেননি, তাদের অনতিবিলম্বে হালনাগাদ নথিপত্রসহ অনলাইনে নির্ধারিত ফি ও জরিমানা পরিশোধ করে নবায়ন নিশ্চিত করার জন্য অনুরোধ করা হচ্ছে।

**সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ তথ্যাদি নিচে তুলে ধরা হলো:**

**ফি ও জরিমানার পরিমাণ:** নির্ধারিত নবায়ন ফি ৪,৬০০/- টাকা এবং জরিমানা ৩,৪৫০/- টাকাসহ ভ্যাটসহ সর্বমোট ৮,০৫০/- টাকা অনলাইনে প্রদান করতে হবে।

**অর্থ পরিশোধের মাধ্যম:** ব্র্যাক ব্যাংকের চলতি হিসাব নম্বর: ১৫০৩২০২৪১৭০৩১০০১ (Brac Bank A/C No: 1503202417031001) এ পে-স্লিপের মাধ্যমে অথবা সোনালী ব্যাংকের পেমেন্ট গেটওয়ের মাধ্যমে এই ফি পরিশোধযোগ্য।

**REX নম্বরধারী প্রতিষ্ঠানের করণীয়:** REX নম্বর প্রাপ্ত সকল তৈরি পোশাক রপ্তানিকারী প্রতিষ্ঠানকে দ্রুততম সময়ের মধ্যে REP-এ ঘোষিত সকল কনসাইনমেন্টের সমর্থনীয় ডকুমেন্ট 'Export Tracker'-এ দাখিল সাপেক্ষে নিবন্ধন নবায়ন সম্পন্ন করতে হবে।

**আবেদন প্রক্রিয়া:** ব্যুরোর আঞ্চলিক ও শাখা কার্যালয় হতে সেবা গ্রহণকারী প্রতিষ্ঠানসমূহ ems.epb.gov.bd ওয়েবসাইটে গিয়ে স্ব-স্ব সার্ভিস অফিস (Service Office) সিলেক্ট করে নবায়ন কার্যক্রম সম্পন্ন করতে পারবেন।

উল্লেখ্য, আগামী ৩০ সেপ্টেম্বর ২০২৬ তারিখের মধ্যে নিবন্ধন নবায়ন করতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনুকূলে রপ্তানি উন্নয়ন ব্যুরো কর্তৃক প্রদেয় জিএসপি (GSP), সিও (CO), সাপটা (SAPTA), সাফটা (SAFTA), আপটা (APTA) সনদ প্রদান এবং REX বিষয়ক সকল সেবা সম্পূর্ণ স্থগিত করা হবে।

প্রয়োজনীয় কার্যার্থে রপ্তানি উন্নয়ন ব্যুরোর বিজ্ঞপ্তিটি এতদসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো।

ধন্যবাদান্তে,

**মেজর জেনারেল ড. মোঃ সাহেদুল ইসলাম (অবঃ)**
**মহা-সচিব**

**সংযুক্তিঃ** বর্ণনামতে।




BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
Regional Office: BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org


CamScanner



**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**রপ্তানি উন্নয়ন ব্যুরো**
বস্ত্র বিভাগ
টিসিবি ভবন, ১ কাওরান বাজার
ঢাকা
www.epb.gov.bd

নং-২৬.০২.০০০০.০৫২.৪৭.৩২৯.১৯- 2980

তারিখঃ ৩০ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
১৪ সেপ্টেম্বর ২০২৬ খ্রিঃ

## বিজ্ঞপ্তি

রপ্তানি উন্নয়ন ব্যুরোতে নিবন্ধিত তৈরী পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক প্রতিষ্ঠানকে ২০২৬-২০২৭ অর্থবছর হতে পরবর্তী ০১-০৫ (প্রয়োজন মত) বছর মেয়াদী ইপিবি নিবন্ধন নবায়নের নিমিত্ত ৩১ আগস্ট ২০২৬ তারিখ পর্যন্ত সময় নির্ধারিত ছিল। উক্ত সময়সীমার মধ্যে যে সকল প্রতিষ্ঠান আবেদন করতে সক্ষম হয়নি তাদের সকল হালমেয়াদী ডকুমেন্টসহ আগামী ৩০-০৯-২০২৬ তারিখের মধ্যে অনলাইনে নির্ধারিত নবায়ন ফি- ৪৬০০/-+ জরিমানা-৩৪৫০= ৮০৫০/-(ভ্যাটসহ) টাকা প্রদান করে নবায়ন গ্রহণের বিষয়টি নিশ্চিত করার বিষয় ব্যুরো কর্তৃপক্ষ সদয় হয়ে অনুমোদন করেছেন। এ সংক্রান্ত ফি Brac Bank A/C No- 1503202417031001 এ পে-স্লিপ অথবা সোনালী ব্যাংকের গেটওয়ের মাধ্যমে পরিশোধযোগ্য।

০২। বিশেষভাবে স্মর্তব্য, REX নাম্বার প্রাপ্ত সকল তৈরি পোশাক রপ্তানিকারী প্রতিষ্ঠানকে দ্রুততম সময়ের মধ্যে REX-এ ঘোষিত সকল কনসাইনমেন্টের সমর্থনীয় ডকুমেন্ট Export Tracker এ দাখিল সাপেক্ষে নিবন্ধন নবায়ন গ্রহণ করতে হবে। তৈরী পোশাক রপ্তানির বিপরীতে রপ্তানি উন্নয়ন ব্যুরোর আঞ্চলিক ও শাখা কার্যালয় হতে সেবা গ্রহণকারী প্রতিষ্ঠানসমূহ ems.epb.gov.bd ওয়েবসাইটে ব্যুরোর স্ব-স্ব সার্ভিস অফিস Select করে নবায়ন কার্যক্রম সম্পন্ন করতে পারবেন।

০৩। আগামী ৩০ সেপ্টেম্বর ২০২৬ তারিখের পর নবায়ন ব্যতীত প্রতিষ্ঠানের অনুকূলে রপ্তানি উন্নয়ন ব্যুরোর প্রদেয় জিএসপি, সিও, সাপটা, সাফটা, আপটা সনদ প্রদান ও REX বিষয়ক সেবা স্থগিত থাকবে।

০৪। বিষয়টি অত্যন্ত জরুরি।

১৪/৯/২০২৬
( মোঃ শাহ্জালাল )
পরিচালক

বিতরণ (কার্যার্থে ও জ্ঞাতার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

০১। সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, হাউজ# ৭/৭এ, ব্লক# এইচ ১, সেক্টর# ১৭, ঢাকা।
০২। সভাপতি, বিকেএমইএ, প্লানার্স টাওয়ার, সোনারগাঁও রোড, হাতিরপুল, ঢাকা।
০৩। সভাপতি, বিটিটিএলএমইএ, পল্টন টাওয়ার, ৮৭, পুরানো পল্টন লেন (৪র্থ তলা), ঢাকা।
০৪। সভাপতি, বিএসটিএমপিআইএ, পল্টন টাওয়ার, ৮৭, পুরানো পল্টন লেন (৩য় তলা), ঢাকা।
০৫। সভাপতি, বিটিএমএ, ইউনিক ট্রেড সেন্টার (লেভেল-৮), ৮ পান্থপথ, কাওরান বাজার, ঢাকা।

(আপনার সমিতির সদস্যদের মধ্যে প্রচারের জন্য অনুরোধ করা হলো।)

০৬। পরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো, খুলনা।
০৭। পরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো, চট্টগ্রাম।
০৮। পরিচালক(নীতি), রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা।
০৯। উপপরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো, রাজশাহী
১০। প্রোগ্রামার, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (এই বিজ্ঞপ্তিটি ব্যুরোর ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১১। সহকারী পরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো, কুমিল্লা।
১২। গবেষণা কর্মকর্তা, রপ্তানি উন্নয়ন ব্যুরো, নারায়নগঞ্জ।
১৩। সহকারী পরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো, সিলেট।
১৪। স্টাফ অফিসার টু ভাইস-চেয়ারম্যান ও প্রধান নির্বাহী মহোদয়ের দপ্তর, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (ভাইস-চেয়ারম্যান ও প্রধান নির্বাহী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৫। পিএ টু মহাপরিচালক-২, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।



Kawsar forwd. 14/9/2026

CamScanner